

সমাচার দর্পণ

১০৯১ সংখ্যা। বালম ১৮। ১৮৩৬ সাল ১১ জুন। শনিবার ১২ ৪৩ সাল ৩০ জ্যৈষ্ঠ। SATURDAY, JUNE 11TH. 1836. [মূল্য মাসে ১ টাকা।]

No. 1091. VOL. XVIII. Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.]

ইশতেহার।

ইশতেহার দেওয়া যাইতেছে।
যে মফঃসলের বাজারের সরবরাহকা
রণ দফা দফা নীলামের দ্বারা সরকারি ন
মক বিক্রয়ের যে নিয়ম ছিল তাহা এই
ইশতেহারের তারিখহইতে অতঃপর র
হিত হইল।
২ দফা। আগামি জুলাই মাসের ১ তা
রিখঅবধি ও তদনন্তর সরকারি নমক
২৫০ মোনের নুন নাহয় এমত পরিমা
ণে খোশনওদায় নির্দ্ধারিত মূল্যে বিক্রয়
হইবেক আর ঐ ২৫০ মোনের অধিক
কিছু লইতে হইলে উপরি ৫০ মোন অ
র্থাৎ ১০০ মোন পুরা লইতে হইবেক অ
র্থাৎ ৩০০ মোন। ৩৫০ মোন। ৪০০
মোন। ৫০০ মোন এইরূপ।

৩ দফা। এক্ষণে যে প্রকারে ও যে দলি
লে নমক ওজন দেওয়া যাইতেছে তদনু
রূপে এই ইশতেহারের সম্বলিত ফর্দের
লিখিত নানা ঘাট ও গোলাহইতে নমক
দেওয়া যাইবেক।

৪ দফা। যে ঘাট ও যে গোলাহইতে
যে যে রকম নমক দেওয়া যাইবেক তা
হার প্রত্যেকের দর এই ইশতেহারের স
ম্বলিত ফর্দে বেওরাপূর্বক লেখা গেল।

৫ দফা। যে সকল ব্যক্তি যে যে ঘাট
অথবা গোলাহইতে নমক ক্রয় করিতে বা
ঞ্জী করিবেন তাহারদিগকে এই ইশতেহা
রের সম্বলিত ফর্দের লিখিত দরে ঐ নম
কের কিম্বতের টাকা জেনরল ড্রেজুরীতে
দাখিল করিতে হইবেক পরে ঐ টাকার
বাবৎ সব ড্রেজুরর সাহেবের রসীদ বোর্ড
পরিমিত ও নমক ও আফিনের দপ্তরখা
শয় এক দরখাস্তের সহিত দাখিল করিতে
হইবেক ঐ দরখাস্তে যত নমক দরকার ও
যে জিলা ও যে ঘাটহইতে নমক ওজন
দেওয়া যাইবেক তাহার আইন লিখিতে
হইবেক ইহাতে শরত এই যে যদি ঐ
উক্ত ঘাট কিম্বা গোলায় ঐ দরখাস্তের
লিখিত নমক মৌজুদ থাকে তবে দরখাস্ত
কর্তা সেই জিলায় সাল্ট এজেন্ট সাহে
বের উপর অথবা সালিখ্যার সুপারিণ্টে
ণ্ডেন্ট সাহেবের উপর ঐ খরিদা নমক দে
ওনের নিমিত্তে এক লুকুম পাইবেক। সেই
লুকুমের সম্বলিত ঐ নমকের হেফাজ
তের নিমিত্তে নিয়মিত দলিল থাকিবেক।
এবং সেই দলিল এইরূপে যে প্রকারে
ব্যবসায়ার্থে চলন হইতেছে সেইরূপ হই
বেক। যদ্যপি গোলায় যে নমক মৌজুদ
আছে তদপেক্ষা অধিক নমকের দরখাস্ত
পাওয়া যায় তবে যাহারদিগের নিকট
সব ড্রেজুরর সাহেবের দস্ত আগের নবে
ষের রসীদ থাকিবেক তাহারদিগের দ
রখাস্ত আগে গ্রাহ হইবেক। আর নমক
দেওনের নিমিত্তে বোর্ডের লুকুমের তা
রিখঅবধি তিন মাসের মধ্যে যদি ঐ ন
মক গোলাহইতে খালি না হয় তবে
এরূপে যে প্রকার গোলাভাড়া ও স্ত্রী
দিতে হয় সেইরূপ দিতে হইবেক। অ
র্থাৎ দরমাহা ফিশত মোনে ১ টাকার
হিসাবে লাগিবেক।

ইশতেহার।

৬ দফা। দুই মাস পূর্বে ইশতেহার না
দিয়া গবর্নমেন্ট কোন প্রকারে এই ইশতে
হারের ফর্দের লিখিত কোন ঘাটের অথ
বা গোলায় মৌজুদ নমকের দর কমী করি
বেন না।

৭ দফা। সরকারী গোলাহইতে যে স
কল নমক বিক্রয় হয় তাহার দর কমীর
বাবত ইশতেহার কলিকাতা গেজেটনা
মক ছাপার কাগজে প্রকাশিত হইবেক
এবং তাহার নকল যেই সরকারি ঘাটে
ও গোলাহইতে নমক দেওয়া যায় তথায়
ও বোর্ডের দপ্তরখানায় এবং তাবৎ সাল্ট
এজেন্ট ও নমক চৌকিয়াতের সুপারিণ্টে
ণ্ডেন্ট সাহেবের কাছারীতে লটকান যাই
বেক।

৮ দফা। নীলামে নমক বিক্রয়করণের
রীতি পুনশ্চ স্থাপিতকরণের আবশ্যকতা
হইবেক এমত কোন প্রকারেই গবর্নমে
ণ্টের অনুমান হয় না যদিহা ঐ রীতি
পুনঃস্থাপন নির্ভাঙ্কই আবশ্যক হয় তবে
ছয় মাস পূর্বে ঐ বিষয়ের ইশতেহার দে
ওয়া যাইবেক এবং ঐ ইশতেহারে প্র
ত্যেক রকম নমক যাহা ইশতেহারের তা
রিখহইতে ছয় মাসের পর নীলামে বিক্র
য়ের নিমিত্ত ধরা যাইবেক তাহার ফিশত
মোনের নিরিখ দর লিখিত হইবেক।

৯ দফা। ইহার পূর্বে নীলামে বিক্রীত
নমকের প্রতি নমকসম্বন্ধীয় আইনসকল
যেরূপে খাটিত ততুল্যরূপে এই ইশতেহা
রের দ্বারা যে নমক খোশনওদায় বিক্রয়
হইবেক তাহারো প্রতি ঐ সকল আইনের
লুকুম খাটিবেক।

১০ দফা। অধিকন্তু জ্ঞাত করা যাইতে
ছে যে যে নমক সন হালের ১ মার্চ তারি
খের পূর্বে সরকারি প্রকাশ্য নীলামে খ
রিদারান খরিদ করিয়াছে তাহার আমা
নত পেশগি অথবা কিম্বতের টাকা বাকী
থাকে তবে তাহা নিয়মানুসারে সানি নী
লামে বিক্রয় করা যাইবেক। এই ইশ
তেহারের উপরের লিখিত শরত দ্বারা
কোন মতে ঐ সানি নীলামের ব্যাঘাত
কিম্বা সাবেক নীলামের শরত আমলে
আনিবার প্রতিবন্ধকতা উপলব্ধি হই
বেক না।

বিমোজিব লুকুম সাহেবান আলিসান
বোর্ড পরিমিত ও নমক ও আফিন ইতি
তাং ২৩ মার্চ সন ১৮৩৬ সাল।

S. G. PALMER,
Acting Secretary.

নীচের লিখিত ঘাটহার ও গোলাহায়ে
নমক মৌজুদ থাকিলে যেপ্রকার নির্দ্ধারিত
দরে নমক পাওয়া যাইবেক তাহার তফ
নীল।

জিলা হিজলির এজেন্সী।

৮-২ নিষ্কার ওজনে ফি সের ৩৪০ সেরে
ফি মোন এই হিসাবে ১০০ মোনের দর।

রমুলপুর	৪১৭
কালীনগর	৪২১
মাদাখালি	১১৬

ইশতেহার।

গুপিনগর	৪৪৩
কুম্বনগর	৪৩৭
তেরপাইকা	৪৪৩
খোলাখালী	৪২২
রামনগর	৪১৬
নাফরী	৩৮৫

জিলা তমোলুকুর এজেন্সী।
নারায়ণপুর ... ৪৩৪
শিউড়িয়া ... ৪৪১
সামপুর ... ৪৩২

জিলা চব্বিশপরগনার এজেন্সী।
ধনাবাহারবুনি ... ৪৪৮
দেশী ... ৪৩৭

জিলা যশোহরের এজেন্সী।
বাগুড়ী ... ৪৩৬

জিলা ভুলুয়া এজেন্সী।
গোপালপুর ... ৪১৬
সন্দীপ ... ৪১৬
হাতিয়া ... ৪২৭
সাগরদী ... ৪২৭
দক্ষিণ শাহাবাজপুর ... ৪২৭
ধনিয়া মনিয়া ... ৪২৭

জিলা চট্টগ্রাম এজেন্সী।
নেজামপুর মবারকখনা ... ৪১৬
ভগবানপুর ... ৪২৭
জুলদিয়া ... ৪৩৭
বাহিরচর ... ৪২৭
খরসকুল ... ৪২৭
আরাকানের নমক বাবতে ১৮৩৩। ৩৪।
৩৫ ... ৪২৭

সালিখাগোলা।

কটক পান্দা বাবতে ১২৪০ সাল	৪৬৫
খোরাদা ঐ ১২৪০ সাল	৪৬২
বালেখর ঐ ১২৪০ সাল	৪৬৪
মাস্তাজ পরিমিত ঐ ১৮৩৩। ৩৪ সাল	৪০৫
বোম্বাই নমক ১৮৩৩। ৩৪ সাল	৩২৫
বসরা নমক ১৮৩৪। ৩৫ সাল	৪১৬
সৈলান নমক ১৮৩৩। ৩৪ সাল	৩২৫
মক্কা নমক ১৮৩৩। ৩৬ সাল	৪১১
লেবরপুল নমক	৪২৭
সৈন্দব লবণ	৪২৭
আবরা নমক	৩৭৩

বিমোজিব লুকুম সাহেবান আলিসান
বোর্ড পরিমিত ও নমক ও আফিন ২৩
মার্চ সন ১৮৩৬ সাল মং ১২ ৪০ সাল
বাং তাং ১২ চৈত্র।

S. G. PALMER,
Acting Secretary.

ভূবন প্রকাশ।

পুরাণাদি নানা শাস্ত্রের বচন ও বচনার্থ
বঙ্গভাষাতে রচিত ভূবনপ্রকাশ গ্রন্থ দর্পণ
যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি
প্রকাশক অনেক ইতিহাস আছে এবং
বুদ্ধাণ্ড ও তম্ভাধর্মে চতুর্দশভূবন বিস্তা
রিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই
খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়।
তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর
করিয়াছেন এবং যাহার গ্রহণেচ্ছা হয়

ইশতেহার।

শ্রীরামপুরের ছাপাখানায় আইলেই পা
ইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

ইশতেহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে আগামি
মি ১৪ জুলাই তারিখে চব্বিশপরগনার
কালেক্টরী আফিসে কোম্পানি বাহাদুর
রের বারইপুরস্থ কাছারীবাটী ও ভূমিনী
লামে বিক্রীত হইবেক।

খোসকবালায় বিক্রয়।

ইনশালবেণ্টের আট্টেনিকর্তৃক খোসক
বালায় নীচে লিখিতব্য বিষয় বিক্রয় হই
বে।

কলিকাতা শহরের আহারীটোলায় যে
খণ্ড ভূমি ইহার পূর্বে প্রাপ্ত দেবীচরণ
ঘোষের পুত্র ইনশালবেণ্ট হরশঙ্কর ঘোষ
ও তাঁহার পৌত্র রাজকিশোর ঘোষের
ছিল ঐ ভূমি কমবেশ ৫/৪ পাঁচবিঘা চারি
কাঠা আছে এবং তাহা যে ব্যক্তি খরিদ
করিতে চাহেন তাঁহার ইচ্ছানুসারে এক
লাটে বা খণ্ডে রূপে বিক্রয় হইবে। ই
হার বেওয়া আট্টেনি শ্রীযুত উলিয়াম স্মিথ
সাহেবের স্থানে গাফিন প্লেসে অথবা বড়
বাজারের প্রাণকুমার লার স্থানে জিজ্ঞাসা ক
রিলে জানিতে পারিবেন।

সরিফ মেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি
১৬ জুন বৃহস্পতিবার বেলা ঠিক দুই পুহ
রের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বা
রান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বা
রের নিকট কলিকাতার সরিফ সাহেব
নীলমণি সোমের বিরুদ্ধে ফাইরাই ফেসি
য়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিক
সেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করি
বেন।

বিশেষতঃ জিলা চব্বিশ পরগনার দিহি
পঞ্চাঙ্গগ্রামে চক্রবেড়ের শামিল ও তম্ভা
স্থিত যে ইফকনিষ্ঠিত এক দোতালী গৃহ
বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ
ভূমি অনুমান ৬০ পনর কাঠা তাহা কিছু
কমী হউক বা বেশী হউক তাহাতে ও তা
হার মধ্যে ও তাহার উপর পূর্বোক্ত আ
সামী নীলমণিসোমের যে স্বত্ব ও অধিকার
ও সঙ্গক আছে তাহা উপরে লিখিত কাল
ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হই
বেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বি
শেষতঃ পশ্চিম দিগে জয়নারায়ণ নাগের
এক খণ্ড ভূমি। উত্তর দিগে গঙ্গানারা
য়ণ ঘোষের গলি। পূর্ব দিগে চন্দ্রমণি
ঘোষের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে
উক্ত নীলমণি ঘোষের অপর এক বাটী।

২ দফা। এবং পূর্বোক্ত স্থানের শা
মিল ও তম্ভাস্থিত যে এক খণ্ড ও বন্দ
বাগাত ভূমি অনুমান ৪/ চারি বিঘা তা
হা কিছু কমী হউক বা বেশী হউক তাহা
তে নানাজাতীয় বৃদ্ধ আছে তাহাতে ও

তাহার মধ্যে ও তাহার উপর পূর্বেকৃত আসামী নীলমণিসোমের যে স্বত্ব ও অধিকার ও সন্মুক্ত আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে উক্ত নীলমণি সোমের অপর এক বাটী। দক্ষিণ দিগে রাজার মাঠ। পশ্চিম দিগে জয়নারায়ণ রায়ের এক পুকুরিণী। পূর্ব দিগে বলরাম মিত্রের এক খণ্ড ভূমি।

৩ দফা। এবৎ পূর্বেকৃত জিলায় বালি গঞ্জের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাভ ভূমি অনুমান ২।।০ দুই বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্বেকৃত আসামী নীলমণি সোমের যে স্বত্ব ও অধিকার ও সন্মুক্ত আছে তাহা উপরোল্লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সদর রাস্তা। পশ্চিম দিগে শ্রীযুত মিডলটন সাহেবের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে শ্রীযুত হগ সাহেব ও শ্রীযুত সাগুিস সাহেবের বাটী ও ভূমি। পূর্ব দিগে জুমলমিত্রের এক খণ্ড ভূমি।

৪ দফা। এবৎ পূর্বেকৃত জিলায় ভবানী নদীর উপর বালিটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাভ ভূমি অনুমান ১।১ এক বিঘা ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্বেকৃত আসামী নীলমণি সোমের যে স্বত্ব ও অধিকার ও সন্মুক্ত আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব দিগে সদর রাস্তা। উত্তর দিগে ফকিরচাঁদ সরকারের এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে গুরুপ্রসাদ চৌধুরির এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে তিলক জুগীর বাটী ও ভূমি।

৫ দফা। এবৎ পূর্বেকৃত জিলা ভবানী পুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্বেকৃত আসামী নীলমণিসোমের যে স্বত্ব ও অধিকার ও সন্মুক্ত আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব দিগে রামনারায়ণ কেরাণীর বাটী ও ভূমি। উত্তর দিগে প্রভুরাম বিশ্বাসের এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে উক্ত প্রভুরাম বিশ্বাসের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে ভৈরব সরকারের বাটী ও ভূমি।

সরিকের দপ্তরে অন্তর্ভুক্ত করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সটীকমনঃ ।

সর্বজননের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।
শ্রীরামপুরের ছাপাখানাতে
কুল্লকভট্টাচাঁদসহিত মনুসংহিতা।
শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাক্ষিতোত্তর জেলদবন্দী হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবে গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন ইতি।

রামায়ণ ।

সর্বজন জ্ঞাত কারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।
শ্রীরামপুরের ছাপাখানাতে
সপ্তকাণ্ড রামায়ণ।
শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতর চিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাক্ষিতোত্তর জেলদবন্দী হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবে গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়ের পূর্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতিঃ ।

সর্বজননের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।
শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাক্ষিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। অহিকাতার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাক্ষিতোত্তর প্রথম ভাগে জেলদবন্দী হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বস্মৃতি কল সমাপ্ত হইয়াছে তন্মূল্য ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইরূপে প্রথম ও দ্বিতীয় ভাগে যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবে গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

মহাভারত ।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্বে মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে সুপণ্ডিতকর্তৃক সংশোধনপূর্বক মুদ্রাক্ষিত হইতেছে এ গ্রন্থ দুই বালমে প্রস্তুত হইবে। মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বাঙ্গলা ভাষায় ।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেন্টের আইন।
শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাক্ষিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭২৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭২৪-১৭২৫ সালের তৃতীয় বালমে ইং ১৭২৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০২ সালের পঞ্চম বালমে ১৮১০ সাল অবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সাল অবধি ১৮২৬ সাল পর্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইরূপে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭২৩ সাল অবধি ১৮২৪ সাল পর্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।
দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।
অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।
ফৌজদারী আইনের খোলাসা।
অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭২৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেন্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।
ফৌজদারী আইনের খোলাসার শেষ।
অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

রাজকর্মে নিয়োগ ।

৩০ মে ১৮৩৬।
শ্রীযুত গ্রাণ্ট সাহেবের অনুপস্থান বা অন্য ছকুম না হওনপর্যন্ত ভারতবর্ষের শ্রীলক্ষ্মীযুত গবর্ণর জেনরল বাহাদুর হজুর কোলেলে শ্রীযুত এচ ডবলিউ টরেন্স সাহেবকে জুডিসিয়াল ও রেভিনিউ ডিপার্টমেন্টে ভারতবর্ষের ও সুবে বাঙ্গালার গবর্ণমেন্টের ডেপুটি সেক্রেটারীর কার্যে নিযুক্ত করিয়াছেন।
১ জুন।
বাঙ্গাল বেঙ্গের সেক্রেটারী ও কোষাধ্যক্ষ শ্রীযুত জর্জ অডনি সাহেব বর্তমান মাসের ৬ তারিখ অবধি একমাসের ছুটি পাইয়াছেন।
তাঁহার অনুপস্থানপর্যন্ত শ্রীযুত জে এ ডোরিন সাহেব তৎকার্য নিৰ্বাহ করিবেন।
জেনরল ডিপার্টমেন্টের ডেপুটি সেক্রেটারী শ্রীযুত জর্জ আলেকজান্ডার সাহেব ২৬ তারিখে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করত গত মাসের ৩০ তারিখে স্বীয় কর্মের ভার পুনর্বার গ্রহণ করিয়াছেন।
৩১ মে।
সুবে বাঙ্গালার শ্রীলক্ষ্মীযুত গবর্ণর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।
১৮৩৩ সালের ২ আইনের বিধি অনুসারে শ্রীযুত উমাকান্ত সেন জিলা মৈমনসিংহের ডেপুটি কালেক্টর হইয়াছেন।
সুবে বাঙ্গালার শ্রীলক্ষ্মীযুত গবর্ণর বাহাদুর ঠগানবারিত কার্যের সাধারণ সুপারিন্টেন্ডেন্টের আফিসিওর শ্রীযুত কাঞ্চন এচ এস রামজি সাহেবের এলাকার মধ্যে মুঙ্গের প্রদেশ নিযুক্ত করিয়াছেন ইহাতে ঐ কর্মকারক সাহেব মুঙ্গেরে জাইন্ট মাজিস্ট্রেটের ক্ষমতাপন্ন হইলেন।
নীচে লিখিতব্য সাহেবেরা স্বকর্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।
চমিশ পরগনার সিভিল ও সেশন জজ শ্রীযুত ই আর বারবেল সাহেব বর্তমান মাসের ৩ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সটি ফিকটক্রমে জুন মাসের প্রথম তারিখ অবধি আগামি ৩০ তারিখ পর্যন্ত এক মাসের ছুটি পাইয়াছেন।
১৮৩৩ সালের ২ আইন অনুসারে জিলা মুরশিদাবাদের ডেপুটি কালেক্টর শ্রীযুত জে এম ডেবরিন সাহেব একটং কমিস্যনর সাহেবকর্তৃক বর্তমান মাসের ২৩ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চৌদ্দ দিবসের ছুটি পাইয়াছেন।
২১ মে।
লেণ্ডনের লঘু অস্ত্রধারী অধিকারকর্তার লেণ্ডন শ্রীযুত জর্জ কাটলি সাহেব ঐ স্থানের ডেপুটি পোস্ট মাস্তর হইয়াছেন।
১ জুন।
সুবে বাঙ্গালার শ্রীলক্ষ্মীযুত গবর্ণর বাহাদুর যমোপদেশক শ্রীযুত আর আবলগু সাহেবকে

জমিদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭২৩ সাল অবধি ১৮২৪ সাল পর্যন্ত জমিদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেন্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।
বিবিধ আইনের খোলাসা।
অর্থাৎ ১৭২৩ সাল অবধি ১৮২৪ সাল পর্যন্ত হাঙ্গিল ও নিমক ও আফোন ও ইফ্রাম ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেন্টকর্তৃক যে সকল আইন প্রকাশিত হইয়া তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।
মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।
অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নিৰ্বাহার্থে যে সকল বিধির আবশ্যিক তাহা গবর্ণমেন্টের প্রকাশিত আইন হইতে গ্রহণপূর্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসিডেন্ট সাহেবের হজুর কোলেলে অনুমতিপূর্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

Civil Appointments.

30th May, 1836.
The Right Honourable the Governor General of India in Council has been pleased to appoint Mr. H. W. Torrens to act as Deputy Secretary to the Governments of India and Bengal in the Judicial and Revenue Department, during the absence of Mr. Grant, or until further orders.
1st June.
Mr. George Udny, Secretary and Treasurer to the Bank of Bengal, has obtained leave of absence for one month, from the 6th instant.
Mr. J. A. Dorin will conduct the duties of that officer during his absence.
Mr. George Alexander, Deputy Secretary to Government in the General Department, reported his return to the Presidency on the 26th, and resumed charge of his office on the 30th ultimo.
31st May.
The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment :
Omakanth Sein, to be Deputy Collector in Zillah Mymensing, under the Provisions of Regulation IX. of 1833.
The Right Honourable the Governor of Bengal has been pleased to include Monghyr within the jurisdiction of Captain H. M. Ramsay, the Assistant to the General Superintendent of the Operations for the Suppression of Thuggee : that officer is hereby empowered to exercise the powers of Joint Magistrate in Monghyr.
The following officers have obtained leave of absence from their stations :
Mr. E. R. Barwell, Civil and Session Judge of the 24-Pergunnahs, for one month, from the 1st to the 30th June next, on medical certificate, in extension of the leave granted to him on the 3d instant.
Mr. J. M. DeVerinne, Deputy Collector under Regulation IX. of 1833, of the District of Moorshedabad, for fourteen days, in extension of the leave allowed him by the officiating Commissioner on the 23d instant.
21st May.
Lieutenant George Cautley, 8th Regt. Light Cavalry, on the Station Staff of the Depot at Landour, to be Deputy Post Master at that place.
1st June.
The Right Honourable the Governor of Bengal is pleased to appoint the Rev.

কটকের ধর্মোপদেশকতা কর্মে নিযুক্ত করি
য়াছেন ও ধর্মোপদেশক শ্রীযুক্ত উলিয়াম স্ট্রক
নাহেবকে পশ্চিম প্রদেশের শ্রীযুক্ত লেপেন্ড
গবর্নরের অধীনে কার্য করিতে হুকুম দিয়া
ছেন।

সুবে বাঙ্গলার শ্রীযুক্ত গবর্নর জেনরল
বাহাদুরের আজ্ঞাক্রমে পাবলিক ডিপার্টমেন্ট
শ্রীযুক্ত কোর্ট অফ ডেপুটি সেক্রেটারীদের স্থান
ইতে ২৯ জানুয়ারি তারিখের ১৮৩৬ সালের
১০ নম্বরের পত্রের নীচে লিখিতব্য চুক্তি
সর্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশিত হইল।

ব্যয় লাঘবকরণার্থ সেক্রেটারী ও ফিনান্স
য়ল সেক্রেটারী এই উভয় পদ এক জন সাহে
বের হস্তে সেক্রেটারী বলিয়া অর্পণ করিতে
স্থির করা গিয়াছে অতএব এই নতুন নিয়মানু
সারে অবর সাহেব কর্মে ইস্তফা দিয়াছেন
এবং শ্রীযুক্ত জেমস সি মেলবিল সাহেব ঐ সেক্রেটারীর
কর্ম নিযুক্ত হইয়াছেন ও শ্রীযুক্ত জে
ডি ডিকিনসন সাহেব আমায়দের ডেপুটি সেক্রেটারী
হইয়াছেন।

শ্রীযুক্ত ডোরিন সাহেবের বাঙ্গাল বেঙ্কের সেক্রেটারীর
কার্য নিরীক্ষাকরণ অথবা অন্য কোন
হুকুম না হওনপর্যন্ত শ্রীযুক্ত জি এফ মার্কিন্টক
সাহেব আকেকাটাট জেনরল ও জুডিসিয়াল ও
রেবিনিউ ও কমিসিয়ন ও মারিণ ও কন্সট্রাকশন ও
সাল্ট ও আফীন ডিপার্টমেন্টের আকেকাটাট
জেনরলের কার্য নিরীক্ষ করিবেন।

সমাচার দর্পণ

শনিবার ১১ জুন ১৮৩৬।

পূরণিয়াবাসি মিলিকদারদের এক
পত্র অদ্য আমরা প্রকাশ করিলাম তৎ
পাঠে বোধ হইল ভূমি বাজেয়াফুরকরণের
কালেক্টর সাহেব ঐ জিলাতে পহুঁছিয়া
কর্মারম্ভ করিয়া থাকিবেন। যদিপি আ
মরা ঐ পত্র দর্পণে প্রতিবিস্তৃত করিলাম
তথাপি আমারদের বক্তব্য এই যে ঐ পত্র
লেখকেরদের বিবেচনাতে আমারদের বি
বেচনার ঐক্য নাই। আমারদের ঐ বি
বেচনা যে ভূমির উপস্থিত তিন ভাগে বি
ভক্ত হইয়া থাকে একভাগে সপরিবার কৃ
ষাণেরদের জীবিকা নিরীক্ষ হয় দ্বিতীয়
ভাগে জমিদারের তৃতীয় ভাগে সরকারের
স্বত্ব। নিম্নর ভূমিস্বলে জমিদার স্বীয় অংশ
এবং সরকারের যে অংশ উভয়ই লন
এতদ্রূপে গবর্নমেন্টের যাহা যথার্থ প্রাপ্য
তাহা পান না এবং কর দেওন বিষয়
সকলের উপরে সমানরূপ হয় না যেরূপ
তুক এক জমিদার গবর্নমেন্টের দ্বারা সর্ব
বিষয়ে আশ্রয় পাইয়া কর দিতেছেন অ
পর জমিদার তদ্রূপ আশ্রয় পাইয়াও
কিছুমাত্র কর দেন না তথাপি ব্রিটিশ গব
র্নমেন্ট দেশ প্রথম অধিকারকরণসময়ে এই
অঙ্গীকার করেন যে আমারদের আগম
নের পূর্বে প্রকৃত ক্রমতাবিশিষ্ট যে কোন
ব্যক্তি ভূমি দান করিয়া থাকেন তাহা আম
রা মঞ্জুর করিব এবং তাঁহারদের যে অঙ্গী
কৃত বিষয় তাহা উল্লঙ্ঘন করিতে তাঁহারদের
কদাচ ইচ্ছা নহে সুতরাং তদ্বারা যাহা ক
তি হয় তাহাতে স্বীকৃত আছেন। গবর্নমেন্ট
অনেককালাবধি জমিদারেরদিগকে কহি
তেছেন আপনারদের যে নিম্নর ভূমির পা
টা আছে তাহা আমরা বিবেচনা করিব কি
ন্তু নানা কারণবশতঃ তাহা সিদ্ধ করিতে
পারেন নাই। কিন্তু এইরূপে তাহা নির্ণয়
করণার্থ পূর্ব হইয়াছেন এবং কেবল
তৎকার্য নিরীক্ষার্থ বিশেষ কালেক্টর
সাহেবেরদিগকে নিযুক্ত করিয়াছেন। এ
বং আমারদের ভরসা হয় যে তিন চারি
বৎসরের মধ্যেই তাবৎ নিম্নর ভূমির পা
টা সুবিবেচিত হইয়া চূড়ান্তরূপে শেষ হই

R. Arnold, District Chaplain at Cuttack,
and to place the services of the Reverend
William Sturrock at the disposal of the
Lieutenant Governor of the North West-
ern Provinces.

The Right Honourable the Governor
of Bengal directs, that the following ex-
tract from letter No. 10 of 1836, from the
Honourable the Court of Directors, in
the Public Department, dated the 29th
January, be published for general informa-
tion :

“Having determined with a view to
economy to consolidate our Offices of
Secretary and Financial Secretary with the
denomination of Secretary only, Mr. Au-
ber has retired under that arrangement,
and we have appointed Mr. James C.
Melville our Secretary and Mr. J. D.
Dickinson our Deputy Secretary.”

Mr. G. F. McClintock is appointed to
officiate as Deputy Accountant General
and Accountant in the General, Judicial,
Revenue, Commercial, Marine, Customs,
Salt and Opium Departments, during Mr.
Dorin's performance of the duties of Se-
cretary to the Bank of Bengal, or until
further orders.

SUMACHAR DURPUN.

SATURDAY, 11TH JUNE, 1836.

WE have published a letter regard-
ing the Melikdars of Purnea, from which
we are led to suppose that the Resum-
ing Deputy has begun his operations in
that district. Though we have given the
letter a place in the Durpun, we must
frankly confess that our opinion differs
from that of the writers. We consider
that the produce of the land is divided
into three parts; one goes to the support
of the cultivator and his family; the
other to the Zumeendar; and the third
share belongs to the state. In all rent-
free tenures, the Zumeendar takes his
own share and that which belongs to
the state; thus Government are defraud-
ed of their due, and an inequality of
taxation is introduced. One Zumeendar
pays for the protection he receives from
the state, while another who holds rent-
free tenures does not. Still as the Bri-
tish Government promised on taking
possession of the country to confirm all
grants made by competent authority
before their arrival, they must keep to
their word, which they intend to do,
and put up with the loss. Government
have all along promised to examine in-
to the validity of tenures, but from some
cause or other have neglected to do so.
Now they have entered on the business
in earnest, and have appointed special
officers to this exclusive duty; and we
expect that in three or four years every
rent-free tenure will have to be examined

বে। আবেদকেরা এই অভিযোগ করেন
যে অনেককাল ভোগ দখলের পর আমা
রদের অধীন ভূমিসকল হস্তান্তর হওনের
নম্ভাবনা হইল কিন্তু আমরা কহি যদিপি
তাঁহারদের পাটা কৃত্রিম নাই ইয়া প্রকৃত
হয় তবে তাঁহারদের বিষয় হস্তান্তর কদাচ
হইবে না। কিন্তু যদিপি তাঁহারদের পা
টা কৃত্রিম হয় তখন তাঁহারদের যে সন্মতি
তে স্বত্ব নাই সেই সন্মতি হস্তান্তর হওয়া
তে বিলাপ অভিযোগ না করিয়া বরং
আপনারদের সৌভাগ্য জান করা উচিত
যে এককালপর্যন্ত আমরা পরের সন্মতি
ভোগ করিয়া আসিতেছি। আমরা জা
নি যে যদিপি কৃত্রিম দলীলক্রমে চিরকা
লের নিমিত্ত গবর্নমেন্ট আপনার সন্মতি
লোপ হইতে কদাচ দিবেন না তথাপি মি
লিকদারেরদিগকে কখন দুঃখদেওনের
অভিপ্রায় নাই। কিন্তু গবর্নমেন্ট যে স্থলে
দেখিতেছেন যে এই সন্মতি ব্যতিরেকে যে
ব্যক্তিরদের জীবিকা নাই সেই স্থলে বরং
তাঁহারা জীবিকান্তরের কোন উপায় করি
য়া দিবেন।

গত বুধবারে আগ্রিকলতুরাল ও ইটি
কলতুরাল সোসাইটির এক বৈঠক হয় তা
হাতে শ্রীযুক্ত মর এডবার্ড রয়ন সাহেব স
ভাপতি ছিলেন। উক্ত বৈঠকে অতিশুষ্ক
ষণীয় অনেক পত্র পাঠিত হইল তাহার
মধ্যে সর্বাপেক্ষা শূক্ষ্ণষণীয় শ্রীযুক্ত কা
প্তান গ্লিমান সাহেবের পত্র। তাহাতে
লেখেন যে আমি সাগর ও নর্মদারাজ্যে
এবং আরও অনেক স্থানে ওটাখিটর ইক্ষু
উৎপন্নকরণে কৃতকার্য হইয়াছি এবং
জবলপুরে যে ইক্ষু রোপণ করা গিয়াছে
সেই ইক্ষু কাটিয়া ভারতবর্ষের অন্যান্য
স্থানে এই বৎসরে পাঠাইতে পারিব। এই
উত্তম ইক্ষু ১৮২৭ সালে মরিচ উপদ্বীপ
হইতে আনীত হয়। এই জাতীয় যে ইক্ষু
জবলপুরের বাজারে বিক্রীত হইতেছে তা
হাতে দেশীয় ইক্ষু অপেক্ষা চারি গুণ মূল্য
অধিক পাওয়া যাইতেছে। এইরূপে নি
শ্চয় অবগত হওয়া গিয়াছে যে এই ইক্ষুর
চাসকরণে নর্মদার উপত্যকা স্থানসকল
চিনিপ্রধানক জিলা হইতে পারে। তদ্রূপ
লোকেরদের এমত বোধ ছিল না যে সে
খানে চিনি জন্মিতে পারে।

নতন হানিলের নিয়ম।
পূর্বে যে রাহাদারি মাসুল লওয়া যা
ইত তাহার পরিবর্তে সমুদ্রপথে আমদা
নী রপ্তানী দুব্বোর উপর মাসুল বসাইতে
নতন কন্সটম হৌসের যে আইন তাহা এই
রূপে সমপূর্ণরূপে জারী হইয়াছে উক্ত নি
শ্চিত্য এক জন সুপারিন্টেন্ডেন্ট ইনস্পেক
টর ও ৫ জন ইনস্পেক্টর ও ৩৫ জন
টাইড ওয়েটার অর্থাৎ ঘাটোয়াল ও এত
দেশীয় ভড়ের এক জন তত্ত্বাবধারক ও
এক জন আনিস্টাণ্ট নিযুক্ত হইয়াছেন।
সুপারিন্টেন্ডেন্ট ইনস্পেক্টরের কর্ম ইন
স্পেক্টরেরদের উপর কর্তৃত্বকরণ এবং ই
নস্পেক্টরদের কর্ম যে জাহাজে কন্সটম হৌ
সের কর্মকারকেরা নিযুক্ত আছে সেই জা
হাজের তত্ত্বাবধারকরণার্থ সময়ে গমন
করণ। আমরা যাহা শুনিয়াছি তাহাতে
বোধ হয় শেখোক্ত কর্মকারিরদের কর্ম
তাদৃশ নষ্টোষ নহে বিশেষতঃ যে জাহা
জের কর্মে তাঁহারা নিযুক্ত আছেন সতত
সেই জাহাজের উপর দিবারাজি থাকিয়া
যেই দুব্বা জাহাজে উঠে ও জাহাজ হইতে
নামান যায় তাহার যথার্থ হিসাব রাখি
তে তাঁহারদের প্রতি হুকুম আছে এতদর্থে
জাহাজের যে স্থানে লোকেরা আরোহণ
করে তাঁহারা তাহার নিকট বসিয়া যে
পুলিন্দা জাহাজ হইতে যায় ও যাহা জা
হাজে আইসে তাহা টুকিয়া রাখেন।
ভারতবর্ষের ন্যায় দেশে এতদ্রূপ কর্মে ব
সিয়া বেতন খাওয়া নহে। এবং বর্ষাকা
লে আরও মন্দ হইবে।

and settled. The petitioners complain,
that their possession of land is likely to
be disturbed after so long a period has
elapsed. Now if their grants are real
and not forged, they will not be disturb-
ed at all; if they be fictitious, instead of
complaining of the taking away that
which did not belong to them, they
ought to be satisfied that they have
been permitted to enjoy it so long. We
know that while it is the determination
of Government not to allow a perpetual
alienation of their revenues upon false
documents, they have no wish to inflict
present misery on the Melikdars; but
wherever it is found that the land form-
ed the sole support of families, are des-
sireous of making an allowance by which
the family shall not suffer.

Agricultural and Horticultural Society.

A meeting was held on Wednesday
last of the Agricultural and Horticul-
tural Society, at which Sir Edward Ryan
presided. Many papers of very great
interest were read; one of the most im-
portant of which was from Capt. Slea-
man, reporting that he had been success-
ful in introducing the Otaheite sugarcane
into the Saugor and Nerbudda territories,
and in many other places; that from the
plantation at Jubbulpore, he will this
year be able to send cuttings to other
parts of India. This superior cane was
introduced from the Mauritius in 1827;
and the cane of this species which is
now sold in the markets at Jubbulpore
fetches four times the price of the coun-
try cane. And it is now ascertained
that by cultivating this cane the valley
of the Nerbudda may be turned into a
sugar growing district. The natives
there had no idea that this was possible.

The New Custom Rules.

The New Custom House Regulations
by which duties are levied on sea borne
trade, in lieu of the duties which were
formerly levied on the goods passing
through the country are now in full
operation. The establishment consists
of one superintendent inspector; five
inspectors, and thirty-five tide waiters,
a supervisor of Native craft and an as-
sistant.
The duties of the superintendent in-
spector, are to controul the inspectors;
the latter pay regular visits to the ship-
ping, on board of which the Custom
House Officers are placed. The duties of
these latter functionaries do not appear
from all that we have heard, to be of a
very pleasant nature. They are requir-
ed to be constantly on board of the ves-
sels to which they are posted, day and
night; and to keep an accurate register
of all goods which come in, or go out
of the ship. To this end they are station-
ed near the gang way of the vessel, noting
the packages as they go or come over
the ship's side; this, in a climate like
that of India, is no sinecure, and will
be still worse during the rains.

কলিকাতার ভূমিসম্পত্তি।

কলিকাতাতে ভূমিসম্পত্তির মূল্য পুনর্ব্যবস্থা চড়তি হইতেছে। বর্তমান মাসের ২ তারিখে মেঞ্জোলনে বৈড কোল্লানিকে মাসিক ৪০০ টাকাতো বারেরটো সাহেবের যে বাটা ভাড়া দেওয়া গিয়াছিল তাহা ৭০,০০০ টাকায় নীলামে ধরা গেল এবং মাকলৌড ফেগন কোম্পানীর সম্মুখবর্তি যে বাটা অল্পকাল মিয়াদে মাসে ২৭৫ টাকায় ভাড়া দেওয়া গিয়াছিল তাহা ৩৬,০০০ টাকায় নীলামে ধরা গেল। তাহাতে প্রথম লট ৭৮,৫০০ টাকা ও শেষ লট ৩৭,৫০০ টাকাতো বিক্রয় হইল। এবং বাহির রাস্তাতে বেমেসরামতী এক বাটা অর্থাৎ যে বাটা বিবি গিবসনের পাঠশালা ছিল তাহা ৮,০০০ টাকাতো বিক্রয় হইয়াছে। পুস্তোক লটের সময়েই গ্রাহকেরদের অত্যন্ত প্রতিযোগিতা হইয়াছিল। আরো অবগত হওয়া গেল যে এ নীলামের অধ্যক্ষেরা মির্জাপুরে ফার্গিসন কোম্পানী যে ভূমি সম্পত্তি ছিল তাহারো অধিকাংশ বিক্রয় করিয়াছেন।

ফ্রান্সিস মেন্ডিসের দান।

অবগত হওয়া গেল যে ফ্রান্সিস মেন্ডিস সাহেবের সম্প্রতি লণ্ডননগরে লোকান্তর গত হইয়াছেন তিনি ৮২ লক্ষ টাকা রাখিয়া গিয়াছেন। কথিত আছে তিনি কলিকাতার সাধারণ দানের নিমিত্ত নীচে লিখিতব্য টাকা প্রদান করিয়াছেন। বিশেষতঃ চিকিৎসালয়ে ২,০০০ এবং প্রধান কাতোলিক গীর্জাতে ৫,০০০ টাকা দান করিয়াছেন এই টাকার সুদেতে দান বিতরণ হইবে এবং এ নিয়মে বৈঠকখানার গীর্জাতে আরো ৩,০০০ টাকা দিয়াছেন অবশিষ্ট তাহার বহুসংখ্যক টাকা স্বীয় পরিজনগণকে ও ভৃত্যবর্গকে বিতরণ করা যাইবে।

কালীঘাট।

স্কট সাহেবের গেজেটের দ্বারা অবগত হওয়া গেল যে পূর্বে কলিকাতায় সুপরিচিত যে এতদেশীয় এক মহাশয় সমুদ্রপথ ভ্রমণ করিয়া সম্প্রতি প্রত্যগত হইয়াছেন তিনি নিরাপদে স্বদেশ ও বন্ধুগণ পুনঃ প্রাপ্ত হওয়াতে উপকারস্বরূপে কোন নিশ্চিত দিবসে কালীঘাট দর্শনের কল্প জ্ঞাপন করিয়াছিলেন তাহাতে অনেক জনতা তাঁহাকে দেখিতে আইল কিন্তু এ মহাশয় কালীঘাটে পহঁছনকালে সুপ্রিম কোর্ট হইতে পরবান বাহির হইয়া গ্রেপ্তার হইলেন। কিন্তু ইহা কোন ব্যক্তির বিষয় লেখা যাইতেছে তাহা আমরা অবগত নহি।

টগ সমাজের মুনাফা।

আমাদের ইচ্ছা যে ত্রিযুত বাবু দ্বার কানাথ ঠাকুর উক্ত সমাজের নাম পরিবর্তন করেন। আমরা শুনিতেছি সকলে তাহা উচ্চারণ করিয়া টগের সমাজ কহিয়া থাকে। সে যাহা হউক সম্প্রতি উক্ত সমাজ যে ফরবিস বাঞ্চীয় জাহাজ ক্রয় করিয়াছেন তাহা কেবল ৭০ দিবস হইল কয়ে চলিছে। এ জাহাজ মাসিক টন কোল্লানির হস্তে থাকনসময়ে কখন তাহার খরচা পোষিয়া উঠে নাই কিন্তু ক্রেতারদের হস্তে পতিত হওন অবধি তাহাতে বিলক্ষণ লাভ হইতেছে। ২১ ফেব্রুয়ারি তারিখ অবধি ৩০ আপিল পর্যন্ত গড়ে ১৮,৮০০ টাকা উৎপন্ন হয় তাহাতে ১২,১৮৫ টাকা খরচ হইয়াছে অতএব লাভ মাসে ৩,০০০ টাকার কিঞ্চিৎ ন্যূন। গড়ে ৪,০০০ টাকা লাভ হইত কিন্তু এ জাহাজে যে দৈবঘটনা হয় তাহাতে ১,২০০ টাকা ও ২ দিবস হরণ হইয়াছে।

Landed Property in Calcutta.

Landed property in Calcutta is again looking up. On the 2d instant, Jenkins, Low and Co. put up Barretto's house in Mangoe-lane, let to Boyd and Co. at a monthly rent of Sicca Rupees 400, at the upset price of Rupees 70,000; and the house opposite M'Leod, Fagan and Co's. let on a short lease for Sicca Rupees 275 per mensem, at the upset price of Rupees 36,000. The first lot realized Rupees 78,500, and the last Rupees 37,500; and a house formerly Mrs. Gibson's seminary, out of repair, in Circular Road, brought Rupees 8,000. There was much competition for each lot. We hear too, that the same auctioneers, have made large sales of Ferguson and Co's property at Mirzapore. —Eng.

Bequests of Mr. Francis Mendes.

We hear that Mr. Francis Mendes who died lately in London worth, it is said, between 8 and 9 lakhs of Rupees, has bequeathed the following Legacies to public charities in Calcutta:—2,000 Rupees to the Native Hospital; 5,000 Rs. to the Principal Catholic Church, the interest of which is to be distributed in charity, and 3,000 Rs. to the Boitakhana Church for the like purposes. The rest of his large property is to be distributed among his own relatives and servants.

Kalee Ghat.

We learn from Scott's Gazette, that a certain native gentleman formerly well known in Calcutta, who has recently returned from his travels beyond sea, in gratitude for his safe restoration to his country and friends, gave notice of his intention to visit the shrine of Kalee on a particular day; and that in consequence, a very large number of persons assembled to see him. But on his arrival at the shrine, he was arrested by a warrant from the Supreme Court. We cannot divine to whom this notice alludes.

The Profits of the Tug Association.

We wish Baboo Dwarkanath Tagore would change the name of the Association. We hear every one pronouncing it with an aspirate. But that is not the point. The Steamer Forbes which was recently bought by the Tug (not Thug) Association has now been running three months, and though the vessel never paid her expenses while in the hands of Mackintosh and Co. we find that she had paid well in the hands of the purchasers. From the 21st February to the 30th April, the gross receipts were, 18,800 Rupees; the expenses have been 12,185; the profits, a trifle under 3,000 Rupees a month; the average of profit would have been 4000 Rupees but for the loss of nine days, and 1900 Rupees occasioned by an accident which occurred to the vessel.

মিরটের নগরীয় মাসুল।

আমাদের চতুর্দিকস্থ দেশে ১২ মে বৃহস্পতিবার অভিনবরূপীয় দিবস হইল যে হেতুক এই দিবসে তাবৎ শহরের মাসুল ও টাক্স উঠাইয়া দেওনের সম্বাদ এবং সর্বসাধারণকে তদ্রূপ টাক্স দেওন নিষেধের সম্বাদ চেড়রার ঘোষণাতে শ্রবণ করিয়া সকলেই আশ্চর্য্য বোধ করিলেন। এই পরামানন্দ জনক সম্বাদের এইরূপ কার ফল এই দৃষ্ট হইল যে ব্যবহার্য্য তাবৎ দ্রব্যাদির মূল্য ন্যূন হইয়াছে তাহাতে দীন দরিদ্রেরা কেবল টাক্সের ভার হইতে মুক্ত হইল কেবল নহে কিন্তু তদপেক্ষা অধিক অমঙ্গলিক, টাক্সসংগ্রাহকেরদের অনুপম অত্যাচার হইতে মুক্তি পাইল।—মিরট অবসরবর।

মহারাজ রণজিৎ সিংহ।

কলিকাতাতে ত্রিযুত মহারাজ রণজিৎ সিংহকর্তৃক প্রেরিত উকীল ত্রিযুত গুজর সিংহ ও ত্রিযুত গোবিন্দ যশ কলিকাতাহইতে প্রস্থান করিয়া অনেককালের পর মহারাজের সঙ্গে সাক্ষাৎ করণার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন তৎসময়ে ত্রিযুত মহারাজ রণজিৎ সিংহকে ত্রিযুত গবর্নর জেনরল বাহাদুর ও ব্রিটিশ গবর্নমেন্টের অন্তঃপাতি অন্যান্য মহাশয়কর্তৃক পুস্তক বহুসংখ্যক যে উপঢৌকন দ্রব্য তাহারদের স্থানে ছিল তাহা দর্শন গেল। তন্মধ্যে নানাবিধ বস্ত্র ম্যাপ অর্থাৎ নকশা পুস্তক যন্ত্র বাঞ্চীয় জাহাজের নমুনা এবং বহুসংখ্যক অন্যান্য বহুমূল্য দ্রব্যাদি দ্রব্য ছিল। মহারাজ এইসকল সামগ্রী দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলেন এবং স্বীয় ইঙ্গলণ্ডীয় বন্ধুগণের বিষয়ে অনেক জিজ্ঞাসা বাদ করিলেন।

নীলের ভারিভাণ্ডারবিষয়।

ভাগলপুরহইতে আগত পত্রে লেখে যে এই জিলাতে নীলের ভারিভাণ্ডার অতি অল্প হইয়াছে। ২০ ফেব্রুয়ারি তারিখ অবধি কেবল এক পানলা বৃষ্টি হইয়াছে তাহাতে অনাবৃষ্টিপ্রযুক্ত নিম্ন ভূমির চাষও নাবি হইয়াছে।

মৃত সমসুদীন।

মৃত সমসুদীন মদর আদালতে মোকদ্দমায় মৃত ফেজর সাহেবের ফয়সলা অন্য থাকরণার্থ যে আপীল উপস্থিত করেন তাহা মৃত নওয়াবের উত্তরাধিকারিরা পুনর্বার আরম্ভ করিয়াছেন। এ মোকদ্দমায় আমীনউদ্দীন খাঁ ও জিউদ্দীন খাঁ ফরিয়া দী ও সমসুদীন আসামী ছিলেন। প্রথম ফরিয়াদারা যে সম্মতির বাঁটওয়ারার বিষয়ে দাওয়া করেন তাহার মূল্য অনুমান আট লক্ষ টাকা। ইহাতে শুশ্রূষণীয় বিষয় এই যে এই মোকদ্দমায় ফেজর সাহেবের ফয়সলাতে সমসুদীন বিরুদ্ধ হইয়া এই সাহেবকে খর করেন। অতিপ্রসিদ্ধ ইসফন্দর বেগ এইরূপে আলাহাবাদে সমসুদীনের বেগমের মোক্তারের কার্য্য নিব্বাহ করিতেছেন।

অবগত হওয়া গেল যে মৃত নওয়াবের সম্পত্তি দিল্লিতে অত্যুচ্চ মূল্যে বিক্রয় হইতেছে। চতুর্দিকস্থ রাজারদের মোখিয়ারে রা দুবোর প্রকৃত মূল্য কিঞ্চিৎ বিবেচনা না করিয়া কেবল অসঙ্গতরূপে উচ্চ মূল্য ডাকিতেছেন ইহাতে বোধ হয় সমসুদীনের মৃত্যুতে তাহার অত্যন্ত বিলাপ আছে।

অনুপশহর।

চান্দসিহইতে সম্প্রতি যে দুই জন হর করা ২,৪০০ টাকা লইয়া উক্ত স্থানে যা

Town Duties at Meerut.

Thursday, the 19th May, was a memorable day in this neighbourhood, for on it we were agreeably surprised and astonished to hear the tom-toms proclaim the abolition of all town duty and tax; and warning persons from paying any thing on such an account. The immediate effect of this joyful intelligence was to cheapen the price of every article of consumption. The relief to the poorer classes, not only from the tax itself, but from the far greater evil, the tyranny of the tax gatherers, is almost inconceivable.—Meerut Obs.

Muha Raja Runjeet Singh.

Googur Sing and Gobind Jus, the two envoys sent by Muha Raja Runjeet Singh to the Governor General in Calcutta, have at length been admitted to an audience on their return from Calcutta, when they produced the numerous presents they had received for the Muha Raja from the Governor General, and other members of the English Government; consisting of cloth of various kinds, maps, books, instruments, the model of a steam ship, and numerous other valuable and scarce articles, with the whole of which the chief was delighted; and made the most minute inquiries after his English friends.—Meerut Obs.

Indigo prospects.

Letters from Bhagalpore state, that the Indigo prospects in that district are very dismal; only one partial shower had fallen since the 20th of February; and in consequence of the long drought the low land plant was very backward.

Shumshoodeen.

The heirs of the late Nawaub Shumshoodeen Khan are now prosecuting the appeal, instituted by the Nawaub in the Sudder Court, against the decision of the late Mr. Fraser, in the case of Ameenooddeen Khan, Zeoodeen Khan, and others against himself. The value of the property of which a division is claimed by the original plaintiffs, is about eight lakhs of rupees. The chief interest in the case is caused by the circumstances of the late Commissioner's decision upon it, having instigated the Nawaub to procure his assassination. The notorious Isfundyar Beg, is now figuring here as the Mooktear of the Begum.

We are informed that the property of the Nawaub is selling at Delhi at immense prices; the Agents of the neighbouring Princes making purchases without regard to the amount of prices, or the value of articles. This indicates that they are deeply affected with sympathy for the fate of their unfortunate brother.—Cal. Courier.

Anoopshukur.

Two hurkarus conveying a sum of money amounting to Rupees 2,400 from

ইতে ছিল তাহারদের উপরে দস্যুরা পড়িয়া তাবৎ টাকা লুটিয়া খুন করিল পরে ঐ টাকার অধিকাংশ সমেত ইন্তা ব্যক্তি ধৃত হইয়াছে।

অবগত হওয়া গেল যে গত মাসের ২৬।২৭ তারিখে পশ্চিম প্রদেশে চন্দই স্থানীয় এক জন স্বর্ণকারের সংপ্রতি অনুপশহরে ২,৪০০ টাকা প্রেরণ করিতে হইয়াছিল। এবং তাদৃশ লোকেরদের ব্যবহারানুসারে শতকরা কএক আনা লাভকরণার্থ ঐ টাকা কেবল দুই জন হরকরার দ্বারা প্রেরণ করেন। ঐ অভাগা ব্যক্তিরদের উপরে খনোরা স্থানের নিকট কুদু এক নদীর তীরে দস্যুরা পড়িয়া খুন করিয়া তাবৎ টাকা লইল।

কিন্তু ঐ দস্যুরা অনুসন্ধানেতে গ্রেপ্তার হইয়াছে এবং ঐ টাকার অধিকাংশ পাওয়া গিয়া অনুপশহরে প্রেরিত হইয়াছে। অপ্রাপ্ত কেবল ২।৩ শত টাকামাত্র আছে।

শিঙ্গাপুরনিবাসি হিন্দুজাতীয়।

শিঙ্গাপুরহইতে আগত শেষ সন্ধ্যাদের তারিখে তত্ত্ব্য হিন্দু ও মোসলমানেরা চড়ক পূজা ও মহরম উৎসব করিতেছিলেন। রাস্তা দিয়া অতিসমারোহে সন্ন্যাসিরদের গমন সময়ে উভয় মতাবলম্বিরদের মধ্যে যে পরস্পর শত্রুতা আছে তাহা দৃষ্ট হইল। বিশেষতঃ যে গলিতে মোসলমানেরদের মসিদ ছিল সেই গলি দিয়া সন্ন্যাসিরদের গমন করিতে হওয়াতে জবনেরা তাহারদিগকে ফিরে যাইতে আজ্ঞা দিলেন কিন্তু হিন্দুরা তাহাতে স্বীকৃত না হওয়াতে মোসলমানেরা তাহারদের উপর আক্রমণ করিল। এবং হিন্দুরা জবনেরদের দলবল অপেক্ষা হীন হইয়াও তাহারদের মসিদে প্রবেশ করত অনেক দুবানফ করিল। এইযুদ্ধে হিন্দুরদের বিশ্ৰুতি জনেরা অধিক অত্যন্ত আঘাতী ও জবনেরদের এক জন হত হইয়াছে।

নূতন চার্টারের নিয়ম উল্লঙ্ঘনপ্রযুক্ত বোম্বাইতে মতিচান্দ আমিচান্দ নামক জাহাজ ক্রোককরণের বিষয়ে গত সপ্তাহে আমরা প্রকাশ করিয়াছি। তৎসময়ে ঐ জাহাজে ৯ লক্ষ টাকা মূল্যের ২০০ সিন্দুক আফীন ছিল। ঐ জাহাজ ইঙ্গলণ্ডীয় এক ব্যক্তির সম্বলিত এবং তাহা ইঙ্গলণ্ডীয় মালিমের জিম্মায় ছিল কিন্তু অমৌভাগ্যক্রমে ঐ জাহাজ পোর্তুগীসেরদের বসতি ভিমানস্থানে নিশ্চিত হওয়াতে বর্তমান নিয়মানুসারে না ইঙ্গলণ্ডীয় না বিদেশীয় জাহাজের ক্ষমতাধারী হইল। বোধ হয় যে তৎসময়ে ঐ জাহাজের মালিকেরদের এমত নিতান্তই জ্ঞান ছিল না যে আমরা কোন প্রসিদ্ধ নিয়ম উল্লঙ্ঘন করিতেছি। অন্তএব ইহা অতিখেদজনক ব্যাপার। এবং বোম্বাই কুরিয়র পত্র সম্বাদক স্বীয় অভিপ্রায় লেখেন যে পার্লিমেণ্টের আইনের দ্বারা যে অপকার জন্মিয়াছে তাহা সংশোধন করণার্থ ভারতবর্ষের লেজিসলেটিব কৌন্সিলিরদের যে ক্ষমতা আছে তদনুসারে তাহারা যথাসাধ্য শীঘ্র কার্য করেন।

তৎপরেই অবগত হওয়া গেল যে ঐ আফীনের মালিক কোন প্রকারেই দয়ার পাত্র নহেন যেহেতুক ঐ জাহাজের অধ্যক্ষ পুনঃ তাহারদিগকে কহিয়াছি

Chundoosee to this, were waylaid, deprived of the money, and murdered. The murderer has been since seized, together with the greater portion of the money.—*Courier*.

It appears that about the 26th or 27th of last month, a Soucar at Chundowry had occasion to remit the sum of 2400 rupees to Anoopshuhur, and as is so common with these people, for the sake of a saving of, perhaps, a few annas per cent, forwarded the amount in cash by two hired money-carriers. These unfortunate men were waylaid on the bank of a small stream, near Dhunowrah, both were murdered and the money carried off.

The perpetrators of this villainy were, however, traced, seized, and the greater part of the money recovered and forwarded to Anoopshuhur. The amount missing is said to be only a few hundred rupees.—*Cal. Cour.*

Hindoos at Singapore.

The Hindoo and Mahommedan residents at Singapore had, at the date of the last accounts, been celebrating the one, the Mohurram and the other, the Churruck Poojah. The animosity between the two parties was eminently displayed on the occasion of the Hindoo procession. The Hindoos having to pass through the streets in which there was a Mahommedan mosque, the Mahommedans insisted on their returning. The Hindoos, refusing to do this, were immediately assailed by the Mahommedans, and though greatly inferior in number and strength, succeeded in entering the mosque and destroying a good deal of property. In this conflict, more than twenty Hindoos were severely wounded and one Mahommedan was killed.

The seizure of the Mootechand Ameechand.

We alluded last week to the seizure of Mootechand Ameechand at Bombay for an infringement of the law in the new Charter. The vessel contained at the time on board 900 chests of opium valued at 9 lakhs of Rupees. The vessel, though owned and navigated by British subjects, was unfortunately built at Demaun, and consequently under the present interpretation of law, is neither entitled to the privileges of a British or a foreign ship. It appears that the owners were perfectly ignorant of the fact that they were infringing any known law. The case is therefore one of peculiar hardship, and a wish is expressed in the Bombay Courier that the Legislative Council of India will hasten to exercise the power they possess of rectifying the evil occasioned by the Act of Parliament.

We have since learned that the owners of the opium are not to be pitied; that the master of the vessel frequently

লেন যে এখানে আফীন উঠানেতে অব্যবস্থামত কার্য হইতেছে তাহাতে জাহাজ ও মাল ক্রোকযোগ্য হইতে পারে কিন্তু তাহারা ঐ অধ্যক্ষের কথা উপেক্ষা করিয়া কহিলেন তোমার আর পরামর্শদেওনের আশ্রয় নাই তুমি আপনি হুকুমমত কার্য কর।

গুমসুর।
